

জুন ৮, ২০২৩

ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুলে ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির পাঠ্য পুস্তক "স্বাস্থ্য ও সুরক্ষা" বিষয়ের " নিজেকে সুস্থ্য রাখি" এর উপর শিক্ষার্থীদের উদ্দেশ্যে বিশেষ কার্যক্রম করা হয়।



উক্ত শ্রেণির ছাত্র.ছাত্রীদের ধারাবাহিক মূল্যায়নের আলোকে বিষয় ছিল " নিজেকে সুস্থ্য রাখি"। স্কুলের প্রধান শিক্ষক, মি. আনন্দ চৌধুরী শিক্ষার্থীদের উদ্দেশ্যে দিকনির্দেশনা মূলক বক্তব্য তোলে ধরেন। তিনি বলেন যে, "বাতাসের তাপমাত্রা অস্বাভাবিক হারে বেড়ে গেছে। এই তাপে নিজেকে আরোও যত্নবান হতে হবে। পবিরস্কার পরিচ্ছন্ন থাকতে হবে। বেশী বেশী করে পানি জাতীয় পানীয় যেমন, বাসায় তৈরি সরবত, ফলমূল, শাকসবজি ইত্যাদি খেতে হবে।" পরে স্কুলের পক্ষ হতে উপস্থিত ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির শিক্ষার্থীসহ অন্যান্য শিক্ষার্থীদের লেবু, ওর স্যালাইন মিশ্রিত সরবত পান করানো হয়। পরিশেষে বিষয় শিক্ষকগণ এই রকম একটি সচেতনতামূলক কার্যক্রম করার জন্য সকলকে ধন্যবাদ দেন।